গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- প্রাগম/উন্নয়ন-২/বিবিধ-১/২০০৩/ ৬২৭

তারিখঃ ২০/০২/২০০৬ খ্রিঃ।

# পরিপত্র

উপর্যুক্ত বিষয়ে গত ১০/০১/১৯৯৯ ইং তারিখের প্রাগবি/উন্নয়ন-২/৩০-১/৯৭/৮৩১ নং স্মারকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জারীকৃত পরিপত্র অনুযায়ী এতদ্বারা নির্দেশ প্রদান করা যাচ্ছে যে, প্রাথমিক বিদ্যালয় উন্নয়নের ক্ষেত্রে বর্তমানের জরাজীর্ণ ভবনের ঠিক একই জায়গায় নতুন ভবন নির্মাণের সিদ্ধান্ত হলে পূর্বতন বিদ্যালয় ভবন ঠিকাদার কর্তৃক ভেঙ্গে ফেলতে হবে এবং তাদের ব্যয় টেন্ডারে অর্ন্তভূক্ত রাখতে হবে। ভবন ভেঙ্গে ফেলার পর নিলাম না হওয়া পর্যন্ত মালামাল স্কুল ম্যানেজমেন্ট কমিটির দায়িত্বে থাকবে। পুরাতন মালামাল সরকারী বিধি মোতাবেক নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। বর্ণিত পরিপত্রের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

( নাসরীন আফরোজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৭১৫১

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
(জারীকৃত পরিপত্র সকল জেলা প্রশাসক এর নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)
২। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
৩। জেলা প্রশাসক, --------------------------(সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং- এলজিইডি/ পিইডিপি-২/ডি-০৪/২০০৪(অংশ-২)/৮৫৪/১(১০১৬)

তারিখঃ ০৯-০৩-২০০৬ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইলঃ

১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলাঃ (সকল)।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলাঃ (সকল), জেলাঃ (সকল)।
৩। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপজেলাঃ (সকল), জেলাঃ (সকল)।

( আকন্দ হাবিবুল আলম )
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
(উন্নয়ন-২ শাখা)

স্মারক নম্বর- প্রাগম/উন্নয়ন-২/৭-৪/২০০৮/

তারিখঃ ০৮/০৩/২০১০ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠান ও দপ্তরের অব্যবহৃত ভবন, আসবাবপত্র, মালামাল, আংশিকভাবে কর্তনযোগ্য ডালপালাসহ, ঝড়ে পড়া, মরে যাওয়া ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত গাছপালা নিলামের নিমিত্ত নিম্নোক্তভাবে মহানগর/জেলা উপজেলা পর্যায়ের (তিন পার্বত্য জেলা ব্যতীত) কমিটি গঠন করা হলঃ

(ক) মহানগর/জেলা পর্যায়ের কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১) | জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক | - | সভাপতি |
| ২) | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | - | সদস্য |
| ৩) | সংশ্লিষ্ট বিদ্যালয়ের এসএমসি সভাপতি (যেখানে প্রযোজ্য) | - | সদস্য |
| ৪) | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান | - | সদস্য |
| ৫) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠান ও দপ্তরের পরিত্যক্ত বা অব্যবহৃত ভবন, আসবাবপত্র, মালামাল এবং ঝড়ে পড়া বা মরে যাওয়া ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত অথবা নির্মাণ কাজের প্রয়োজনে নির্মাণ স্থলের গাছ কর্তন করা প্রয়োজন হলে সে সকল গাছ প্রভৃতি নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) উপজেলা পর্যায়ের কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১) | উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| ২) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | - | সদস্য |
| ৩) | সংশ্লিষ্ট বিদ্যালয়ের এসএমসি সভাপতি (যেখানে প্রযোজ্য) | - | সদস্য |
| ৪) | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান | - | সদস্য |
| ৫) | উপজেলা শিক্ষা অফিসার | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

(১) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠান ও দপ্তরের পরিত্যক্ত বা অব্যবহৃত ভবন, আসবাবপত্র, মালামাল, নদীভাংগনে ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানসমূহের মালামাল এবং ঝড়ে পড়া বা মরে যাওয়া ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত অথবা নির্মাণ কাজের প্রয়োজনে নির্মাণ স্থলের গাছ কর্তন করা প্রয়োজন হলে সে সকল গাছ প্রভৃতি নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

২। চালানের মাধ্যমে যথা নিয়মে সরকারী কোষাগারে জমা দিয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অবহিত করবে।

৩। এ সংক্রান্ত পূর্ববর্তী সকল আদেশ এতদ্বারা বাতিল করা হলো এবং এ আদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০৮/৩/২০১০
(মুঃ আঃ হামিদ জমাদ্দার)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৭১৫১

১। মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা। (আদেশটি কমিটির সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২। জেলা প্রশাসক (সকল), ------------------------
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি ( সকল জেলা)
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ------------------------------------
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল ),--------------------------------------
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি (সকল )------------------------------------
৬। উপজেলা শিক্ষা অফিসার (সকল), ----------------------------------------
৭। প্রধান শিক্ষক ------------------------------------------------

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
(উন্নয়ন-২ শাখা)

স্মারক নম্বর- প্রাগম/উন্নয়ন-২/৭-৪/২০০৮/ ৭০০ তারিখঃ ০৮/০৩/২০১০ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠান ও দপ্তরের পরিত্যক্ত বা অব্যবহৃত ভবন অকেজো (Condemnation) ঘোষণার নিমিত্ত নিম্নোক্তভাবে মহানগর/জেলা ও উপজেলা পর্যায়ে (তিন পার্বত্য জেলা ব্যতীত) কমিটি গঠন করা হলঃ

(ক) মহানগর/জেলা পর্যায়ের কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১) | জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক | - | সভাপতি |
| ২) | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত | - | সদস্য |
| ৩) | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | - | সদস্য |
| ৪) | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/প্রতিনিধি | - | সদস্য |
| ৫) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

(১) কমিটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠান ও দপ্তরের পরিত্যক্ত বা অব্যবহৃত ভবন অকেজো (Condemnation) ঘোষণার প্রয়োজন দেখা দিলে সংশ্লিষ্ট ভবনাদি সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রাক্কলন প্রস্তুত করে অকেজো (Condemnation) ঘোষণা করবেন।

(২) জেলা পর্যায়ের কমিটি শুধুমাত্র জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও পিটিআই অকেজো (Condemnation) ঘোষণার নিমিত্ত ব্যবস্থা নিবেন।

(খ) উপজেলা পর্যায়ের কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১) | উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| ২) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | - | সদস্য |
| ৩) | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/প্রতিনিধি | - | সদস্য |
| ৪) | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| ৫) | উপজেলা শিক্ষা অফিসার | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

কমিটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠান ও দপ্তরের পরিত্যক্ত বা অব্যবহৃত ভবন অকেজো (Condemnation) ঘোষণার প্রয়োজন দেখা দিলে সংশ্লিষ্ট ভবনাদি সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রাক্কলন প্রস্তুত করে অকেজো (Condemnation) ঘোষণা করবেন।

২। এ সংক্রান্ত পূর্ববর্তী সকল আদেশ এতদ্বারা বাতিল করা হলো এবং এ আদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০৮/৩/১০
(মুঃ আঃ হামিদ জমাদ্দার)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৭১৫১

১। মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা। (আদেশটি কমিটির সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
২। জেলা প্রশাসক, (সকল) ----------------------------------------------
৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত (সকল জেলা),--------------------------------------
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সকল জেলা),--------------------------------------
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), --------------------------------------
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), --------------------------------------
৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি (সকল )--------------------------------------
৮। উপজেলা শিক্ষা অফিসার (সকল), --------------------------------------
৯। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সকল উপজেলা)।